

মুগ্ধাত্মক

মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের সভা

প্রকাশ : ০৪ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ডেমরা প্রতিনিধি

বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের স্থায়ী কমিটির সাধারণ সভা শনিবার ডেমরায় অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. হারুন অর রশদ সভায় সভাপতিত্ব করেন।

সংগঠনের নেতারা মূল বেতনের শতকরা হিসেবে বাড়িভাড়া প্রদান ও প্রভাষকদের পদোন্নতির ক্ষেত্রে ৫:২ অনুপাত প্রথা বাতিল করে সব প্রভাষকদের ৮ বছর চাকরিকালে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়ার দাবি জানান। তাদের সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে পদোন্নতি দেয়ারও দাবি করা হয়। অনুষ্ঠানে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক নানা কর্মকাণ্ড পরিচালনা করার জন্য সংগঠনের নেতাদেরকে অনুরোধ করা হয়। অনুষ্ঠান সঞ্চালনা করেন সংগঠনের মহাসচিব জহির উদ্দিন হাওলাদার। এ সময় আরও ছিলেন বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের সিনিয়র সহ-সভাপতি সুলতান মাহমুদ, ফজলুল বারী বেলাল, সিনিয়র যুগ্ম মহাসচিব মো. শান্ত ইসলাম, সিনিয়র সাংগঠনিক সম্পাদক মো. দেলোয়ার হোসেন, অর্থ সম্পাদক মো. খোরশেদ কবির মাসুদ ও দফতর সম্পাদক মেহেদী হাসান সরকার প্রযুক্তি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।